



বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন

Bangladesh Live & Chilled Food Exporters Association

House # 41 (A/4), Sonargaon Janapath, Sector # 12, Uttara, Dhaka-1230.

Mobile: 01677-114411, Email: blcfea@yahoo.com

স্মারক নং- বিএলসিএফইএ/ নির্বাচন-২০২১/০৩(১৯২)

তারিখ: ১৫-০৯-২০২১খ্রিঃ

প্রতি,

বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স
এসোসিয়েশনের সম্মানিত সদস্যগণ।

বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশনের
২০২২ ও ২০২৩ সন মেয়াদী পরিচালনা পর্ষদ নির্বাচনের বিজ্ঞপ্তি।

বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশনের ২০২২ ও ২০২৩ সনের ২ বৎসর মেয়াদী নিম্নলিখিত ১১ সদস্যবিশিষ্ট পরিচালনা পর্ষদের নির্বাচন আগামী ১১-১২-২০২১ খ্রি তারিখ শনিবার অনুষ্ঠিত হবে- চেয়ারম্যান : ১ জন, সিনিয়র ভাইস চেয়ারম্যানঃ ১ জন, ভাইস চেয়ারম্যানঃ ৩ জন, মহাসচিবঃ ১ জন, যুগ্ম মহাসচিবঃ ১ জন, কোষাধ্যক্ষঃ ১ জন ও পরিচালকঃ ৩ জন।

বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ও বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশনের সংঘবিধির বিধান অনুসারে এসোসিয়েশনের ২০২২ ও ২০২৩ সন (২বৎসর) মেয়াদী পরিচালনা পর্ষদের নির্বাচন পরিচালিত হবে। সদস্যগণকে তাঁদের নিকট এসোসিয়েশনের পাওনা বকেয়া চাঁদা, হালনাগাদ বার্ষিক চাঁদা (২০২১ সাল পর্যন্ত), অন্যান্য ফি (যদি থাকে) এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স ও আয়কর প্রদানের হালনাগাদ কপিসহ আগামী ১১-১০-২০২১ তারিখের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে, অন্যথায় নিয়মানুসারে এসোসিয়েশনের নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ ও প্রার্থী হওয়ার অযোগ্য বলে বিবেচিত হবেন। অনিবার্য কারণে উল্লেখিত তফসিল অনুযায়ী কোন কার্য সম্পাদন করতে না পারলে ঐ কার্য পরবর্তী কার্য দিবসে সম্পাদন করা হবে। এই নির্বাচনের মনোনয়ন পত্রের ফি ৫,০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকা এবং জামানত ১০,০০০/- (দশ হাজার মাত্র) টাকা। উল্লেখ্য যে, মনোনয়ন পত্রের মূল্য সম্পূর্ণভাবে অফেরতযোগ্য, শুধুমাত্র মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখের (২৪-১১-২০২১) মধ্যে কেউ মনোনয়ন পত্র প্রত্যাহার করলে তাঁর জামানতের টাকা ফেরত দেওয়া হবে। নির্বাচন বোর্ড যথাসময়ে নির্বাচনের কেন্দ্র নির্ধারণ করে ভোটারগণকে অবহিত করবে। চূড়ান্ত ভোটার তালিকা এসোসিয়েশনের নোটিশ বোর্ডে টানানো থাকবে। তবে কোন সদস্য চাইলে ২০০০/- টাকা প্রদান করে এসোসিয়েশনের অফিস থেকে চূড়ান্ত ভোটার তালিকা সংগ্রহ করতে পারবেন। এই সঙ্গে নির্বাচন বিধিমালা, নির্বাচন তফসিল এবং প্রতিনিধির মনোনয়নপত্রের নমুনা কপি সংযুক্ত হলো।

অতএব, নির্বাচন তফসিল অনুযায়ী আগামী ১১-১০-২০২১ তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের বাৎসরিক চাঁদা/ফি এবং অন্যান্য বকেয়া (যদি থাকে) পরিশোধের জন্য এসোসিয়েশনের সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো যাচ্ছে।

(কাজী তৌহিদুল আলম মাসুদ)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড

সংযুক্তিঃ

১. নির্বাচনী তফসিল।
২. নির্বাচনী বিধিমালা।
৩. প্রতিনিধির নাম প্রেরণের সুপারিশপত্র।



বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন


Bangladesh Live & Chilled Food Exporters Association


House # 41 (A/4), Sonargaon Janapath, Sector # 12, Uttara, Dhaka-1230.
Mobile: 01677-114411, Email: blcfea@yahoo.com


তারিখঃ ১৫-০৯-২০২১খ্রিঃ

বাংলাদেশ লাইভ এ্যান্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশনের
২০২২ ও ২০২৩ সন মেয়াদী পরিচালনা পর্যদের নির্বাচনী তফসিল

ক্রমিক	বিষয়	তারিখ ও সময়
১	নির্বাচনের বিজ্ঞপ্তি প্রেরণের তারিখ	১৫-০৯-২০২১ বুধবার
২	সদস্যদের বকেয়া ও হালনাগাদ চাঁদা পরিশোধের শেষ তারিখ	১১-১০-২০২১ সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত
৩	সদস্যদের প্রতিনিধির নাম প্রেরণের শেষ তারিখ	১৪-১০-২০২১ বৃহস্পতিবার
৪	প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ	২১-১০-২০২১ বৃহস্পতিবার
৫	প্রাথমিক ভোটার তালিকার উপর আপত্তি দাখিলের শেষ তারিখ	২৬-১০-২০২১ মঙ্গলবার বিকাল ৫টা
৬	আপত্তির শুনানী	২৭-১০-২০২১ বুধবার
৭	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	২৮-১০-২০২১ বৃহস্পতিবার
৮	মনোনয়নপত্র সংগ্রহ শুরু	৩১-১০-২০২১ রবিবার
৯	পরিচালক পদের মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	১০-১১-২০২১ বুধবার বিকাল ৫টা
১০	মনোনয়ন পত্র বাছাই ও প্রার্থী তালিকা প্রকাশ	১১-১১-২০২১ বৃহস্পতিবার
১১	প্রার্থী তালিকা সম্বন্ধে আপত্তির শেষ তারিখ ও সময়	১৪-১১-২০২১ রবিবার বিকাল ৫টা
১২	প্রার্থী তালিকা সম্বন্ধে আপত্তির শুনানী	১৫-১১-২০২১ সোমবার
১৩	বৈধ প্রার্থী তালিকা প্রকাশ	১৬-১১-২০২১ মঙ্গলবার
১৪	মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ও সময়	২৪-১১-২০২১ বুধবার বিকাল ৫টা
১৫	চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	২৫-১১-২০২১ বৃহস্পতিবার
১৬	নির্বাচনের তারিখ ও ফলাফল ঘোষণা	১১-১২-২০২১ শনিবার ভোট গ্রহণ(সকাল ১০টা থেকে বিকাল ৪টা)
১৭	চেয়ারম্যান, সিনিয়র ভাইস-চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহাসচিব, যুগ্ম-মহাসচিব, কোষাধ্যক্ষ ও পরিচালক নির্বাচনের তারিখ ও ফলাফল ঘোষণা	১৫-১২-২০২১ বুধবার বিকাল ৩টা
১৮	নির্বাচনের ফলাফল সম্পর্কে আপত্তি, শুনানী, চূড়ান্ত ও আনুষ্ঠানিক ফলাফল ঘোষণা	২২-১২-২০২১ বুধবার


(মেহেদী হাসান খান মিল্টন)
সদস্য
নির্বাচন বোর্ড


(ডেমিওয়ান গনসালভেজ)
সদস্য
নির্বাচন বোর্ড


(কাজী তৌহিদুল আলম মাসুদ)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড